

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd

স্মারক নং- ৩৫.০৩.০০০০.০০২.৪৮.০০৬.১৯-

১৪১

তারিখ: ০৯/০১/২০২০খ্রি:।

বিষয়ঃ আসন্ন উপজেলা এবং ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

এতদসঙ্গে সংযুক্ত বিজ্ঞপ্তিটি চাঁদপুর জেলার হাইমচর উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন ও চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার ঝিলিম এবং শেরপুর সদর উপজেলার ভাতশালা ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন আগামী ১৩/০১/২০২০ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন /ইউনিয়ন পরিষদ শূন্য চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত হতে ভোট গ্রহণের তারিখের মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো। উক্ত ভোট গ্রহণের দিন এবং তার আগে ও পরের দিনে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য নির্বাচন কমিশনের নির্দেশনায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে পত্র পাওয়া গিয়েছে। উক্ত পত্রের আলোকে যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে যা এ অথরিটির ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তির কপি

✓ জনাব শাহজাহান কবীর
সহকারী প্রোগ্রামার
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।

পরিচালক(এনফোর্সমেন্ট)
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান)


আসন্ন উপজেলা এবং ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

৩১/১২/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর প্রজ্ঞাপন নং -৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৫৪৭ এর নির্দেশনা মতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার হাইমচর উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন ও চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার ঝিলিম এবং শেরপুর সদর উপজেলার ভাতশালা ইউনিয়ন পরিষদের শূন্য চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন আগামী ১৩/০১/২০২০ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন/ইউনিয়ন পরিষদ শূন্য চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত হতে ভোট গ্রহণের তারিখের মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলোঃ

- | | | |
|---------------------------------------|------------|------------|
| (১) বেবী ট্যাক্সি/ অটোরিক্স/ ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো |
| (২) ট্যাক্সি ক্যাব | (৬) কার | |
| (৩) মাইক্রোবাস | (৭) বাস | |
| (৪) জীপ | (৮) ট্রাক | |

০২. এছাড়া, ভোট গ্রহণের পূর্ববর্তী ০২দিন হতে ভোট গ্রহণের মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩. এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/ তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/ বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/ বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা- কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে যেমন- এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।


পরিচালক (এনফোর্সমেন্ট)
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা
ফোনঃ ৫৫০৪০৭১৪